দৈনিক ইনকিলাব

APR. 18 2002

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# সউদী আরবের ভারতীয় স্কুলগুলো ইসলাম শিক্ষা থেকে বঞ্চিত

ইন্টারনেট ঃ সউদী আরবে অবস্থিত ভারতীয় বিদ্যালয়গুলোতে পাঠ্যবই হিসেবে এমন একটি ইতিহাস গ্রন্থ পড়ানো হচ্ছে, যেখানে একমাত্র ইসলাম ছাড়া অন্য প্রধান ধর্মগুলোর গুনকীর্তণ রয়েছে– সউদী পত্র পত্রিকা এ খবর ছাপা হওয়ার পর রিয়াদভিত্তিক বিশ্ব মুসলিম এসেম্বলি এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেছে। মুসলিম এসেম্বলির মহাসচিব ডঃ মালেহ এইচ. আল জোহানী এ খবরে বিস্ময় প্রকাশ করে বলেন, একমাত্র ইসলাম ছাড়া সউদী আরবে অন্য যে কোন ধর্মের প্রচার অবৈধ। তিনি সউদী শিক্ষা মন্ত্রণালয়ের নীতি উদ্ধৃতি করে বলেন, সউদী আরবে মুসলমান শিক্ষার্থীদের জন্য ইসলামী শিক্ষা এবং অমুসলিম শিক্ষার্থীদের জন্য নীতিবিজ্ঞান পড়ানো যেতে পারে। এরসাথে থাকবে সউদী আরবের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ক পাঠ। তিনি বলেন, সউদী আরবে আন্তর্জাতিক স্কুল চালু করার লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে এগুলো হচ্ছে প্রধান শর্ত। অবশ্য সংশ্লিষ্ট স্কুলগুলোর নিজ নিজ দেশের ইতিহাসও পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত থাকতে পারে। ডঃ মালেহ বিস্ময় প্রকাশ করে বলেন, সউদী আরবে অবস্থিত ভারতীয় স্কুলগুলোতে অধিকাংশ শিক্ষার্থী মুসলমান হওয়া সত্ত্বেও নিজস্ব ধর্মজ্ঞান অর্জনের সুযোগ প্রাপ্তি থেকে তাদেরকে বঞ্চিত করা হচ্ছে। সেখানে প্রাচীন ধর্মগুলো পড়ানো হলেও ইসলাম সম্পর্কে তেমন কোন শিক্ষা দেয়া হয় না।